দৈনিক সংবাদ

তারিখ 27 NOV 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

# ২৫ বছরের পুরনো স্কুল উচ্ছেদের নোটিশ

(নিজস্ব বার্তা পরিবেশক)

দেশে শিক্ষা বিস্তারের লক্ষ্যে সরকার নতুন নতুন স্কুল প্রতিষ্ঠা এবং প্রতিষ্ঠিত স্কুলগুলোকে সরকারীকরণে চেষ্টা করছেন, এরই পাশাপাশি প্রাথমিক শিক্ষা দফতরের মহাপরিচালক দীর্ঘদিনের পুরনো একটি স্কুলকে উচ্ছেদ করার জন্য নির্দেশ দিয়েছেন। ঘটনাটি ঘটেছে জিগাতলা জুনিয়র স্কুলের ক্ষেত্রে। ষাট দশকের প্রথমদিকে জিগাতলা প্রাথমিক বিদ্যালয়টি এলাকাবাসীর উদ্যোগে প্রতিষ্ঠা লাভ করে।

এই স্কুলগৃহে ১৯৬৯ সালে শুরু হয় জিগাতলা জুনিয়র স্কুলের কার্যক্রম।